# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 07-04-2025 Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) সব আইন মেনেই সুপ্রিম কোর্টের রায়ে চাকরি হারানো যোগ্য শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষা কর্মীদের মর্যাদার সঙ্গে চাকরি সুনিশ্চিত করা হবে বলে রাজ্য সরকার আশ্বাস দিয়েছে।

মধ্য শিক্ষা পর্ষদ প্রায় ২৬ হাজার চাকরি বাতিলের নির্দেশ পুনর্বিবেচনা করার জন্য শীর্ষ আদালতে আর্জি জানিয়েছে।

চাকরি বাতিলের ফলে উদ্ভুত পরিস্থিতির জন্য বিজেপি রাজ্য সরকারকেই দায়ী করেছে।

কংগ্রেস মুখ্যমন্ত্রীর আজকের বৈঠকের ফলাফল নিয়ে প্রশ্ন তুলেছে।

২) সুপ্রিম কোর্টের রায়ে এস এস সি নিয়োগ বাতিলের আবহেই আগামীকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠক বসতে চলেছে।

৩) প্রাথমিকে ৩২ হাজার চাকরি বাতিল সংক্রান্ত মামলা ব্যক্তিগত কারণেই শুনবেন না, বিচারপতি সৌমেন সেন ও বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চ।

৪) বাড়িতে ব্যবহৃত রান্নার গ্যাসের দাম সিলিন্ডার পিছু ৫০ টাকা করে বাড়তে চলেছে।

৫) আজ বিশ্ব স্বাস্থ্য দিবস, এই উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

৬) যুব ভারতী ক্রীড়াঙ্গণে আজ আই এস এল ফুটবলে মোহনবাগান সুপার জায়েন্ট জামশেদপুর এফ সি-র মুখোমুখি।

oooooooooooooooo

রাজ্য সরকার, সব আইন মেনেই সুপ্রিম কোর্টের রায়ে চাকরি হারানো যোগ্য শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মীদের মর্যাদার সঙ্গে চাকরি সুনিশ্চিত করবে বলে আশ্বাস দিয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ কলকাতার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে চাকরি-হারা শিক্ষক-শিক্ষিকা শিক্ষা কর্মীদের সঙ্গে উদ্ভুত পরিস্থিতি নিয়ে এক বৈঠকে মিলিত হন। তিনি বলেন, এই বিষয়ে সরকারের তরফে প্রথমে সুপ্রিম কোর্টের কাছে যোগ্য-অযোগ্যদের নামের তালিকা চাওয়া হবে। পাশাপাশি নতুন করে পরীক্ষা নেওয়ার আগে যারা স্কুলে পড়াতেন তাদের জন্য আদালতের কাছে ব্যাখ্যা চাওয়া হবে । আদালত তালিকা দেরিতে বা নেতিবাচক উত্তর দিলে রাজ্য সরকার সব আইন মেনেই দুই মাসের মধ্যে যোগ্যদের চাকরি সুনিশ্চিত করবে। কোন রং না দেখে চাকরি হারাদের পাশে থাকবেন বলেও আশ্বাস দেন। তিনি বলেন অযোগ্য প্রার্থীদের বিরুদ্ধে সব অভিযোগ খতিয়ে দেখা হবে ।

( বাইট – মুখ্যমন্ত্রী)

রাজ্যের শিক্ষা ব্যবস্থাকে ভেঙে ফেলার চক্রান্ত করা হচ্ছে বলে মমতা ব্যানার্জী অভিযোগ করেন। সুপ্রিম কোর্টের এই রায়ের পেছনে কোন চক্রান্ত আছে কিনা সেই প্রশ্ন তুলে তিনি কাউকে প্ররোচনায় পা না দেওয়ার আর্জি জানান।

এসময় সকলে তিনি সংশ্লিষ্ট বিদ্যালয়ে গিয়ে স্বেচ্ছায় শিক্ষাদান করারও পরামর্শ দেন।

এদিকে, নেতাজী ইন্ডোর সভাকে ঘিরে আজ বিশৃঙ্খল পরিস্থিতি সৃষ্টি হয়। অনেক শিক্ষক-শিক্ষিকা পুলিশের পাস না পাওয়ায় ভিতরে ঢুকতে না পেরে বাইরে বিক্ষোভ দেখাতে থাকেন। পুলিশের সঙ্গে তাদের হাতাহাতিও বেধে যায়। দফায় দফায় অশান্তি ও উত্তেজনার মধ্যেই যাদের কাছে পাশ রয়েছে তাদের পুলিশ অন্য রাস্তা দিয়ে স্টেডিয়ামের ভেতরে ঢোকার ব্যবস্থা করে দেয়। এই ঘটনার জেরে ওই অঞ্চলে যানবাহন ও যাতায়াত বেশকিছুক্ষণের জন্য বন্ধ থাকে। সপ্তাহের প্রথম কাজের দিনেই দুর্ভোগের শিকার হন বহু মানুষ।

অন্যদিকে, এই বৈঠকের পর শারীর শিক্ষা ও কর্ম শিক্ষার বেশকিছু চাকরি প্রার্থী নবান্নে গিয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে যান। কিন্তু পুলিশ তাদের বাধা দিলে তারা বিক্ষোভে সামিল হন। পরে ১৯ জনকে পুলিশ আটক করে।

oooooooooooooooo

বিজেপি পুরো পরিস্থিতির জন্য রাজ্য সরকারকে দায়ী করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বিধানসভার প্রবেশপথে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে অভিযোগ করেন,এই সরকার অমানবিক ।

২০২২ সালে আদালত প্রায় সাড়ে ৫ হাজার শিক্ষক শিক্ষিকাকে অবৈধ ঘোষণার পরেও মুখ্যমন্ত্রী তাদের সুরক্ষা দিতে ২-শো কোটি টাকা খরচ করেছেন।

চাকরি হারানো যোগ্য শিক্ষকদের মুখ্যমন্ত্রী মর্যাদার সঙ্গে চাকরি সুনিশ্চিত করার যে আশ্বাস দিয়েছেন, সেই নিয়েও প্রশ্ন তোলেন বিরোধী দলনেতা।

(বাইট – শুভেন্দু)

উল্লেখ্য চাকরি বাতিলের জন্য রাজ্য সরকারকে দায়ী করে বিরোধী দলনেতার নেতৃত্বে বিজেপি পরিষদীয় দল বিধানসভা চত্বরে বিক্ষোভ দেখায়।

অন্যদিকে, রাজ্য সরকারের কাছে ওএমআরশিট প্রকাশ্যে আনার দাবি করতেও চাকরিহারাদের উদ্দেশ্যে আবেদন জানিয়েছেন বিজেপি-র রাজ্য সভাপতি কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। তিনি বলেন, আজকের বৈঠকে যোগ্য প্রার্থীদের ডাকা হয়েছে বলে মুখ্যমন্ত্রী দাবি করেছেন। এর অর্থ যোগ্য ও অযোগ্যদের তালিকা সরকারের কাছে আছে। তা সত্ত্বেও রাজ্য সরকার সুপ্রিম কোর্টে সেই তালিকা জমা দেয়নি কেনো তিনি সেই প্রশ্নও তোলেন। আজকের বৈঠকে অর্থের বিনিময়ে বহু প্রবেশপত্র বিক্রি করা হয়েছে দাবি করে সুকান্তবাবু চাকরিপ্রার্থীদের মুখ্যমন্ত্রীর কথায় ভরসা না করারও আবেদন জানান।

অন্যদিকে চাকরি দুর্নীতির প্রতিবাদে বিজেপি যুব মোর্চা আজ কালীঘাট চলো অভিযানের ডাক দেয়। যুব মোর্চার রাজ্য সভাপতি ইন্দ্রনীল খান,দলের রাজ্য সাধারণ সম্পাদক লকেট চট্টোপাধ্যায় এই অভিযানে উপস্থিত ছিলেন। এক্সাইড মোড় থেকে এই কর্মসূচী শুরু হলেও পুলিশ সেখানে তাদের আটক করে লালবাজারে নিয়ে যায়।

কংগ্রেস মুখ্যমন্ত্রীর আজকের বৈঠকের ফলাফল নিয়ে প্রশ্ন তুলেছে। দলের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চট্টোপাধ্যায় বলেছেন, চাকরি হারাদের চাকরি ফিরে পাওয়ার দাবি তাদের ন্যায্য অধিকার, কোন দয়া-দাক্ষিণের মধ্যে পড়ে না। পারস্পরিক দোষারোপ বা রাজনীতির জন্য বৈঠক না করে কিভাবে তারা চাকরি ফিরে পাবেন, সেই লক্ষ্যেই বৈঠক হওয়া উচিত।

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী, নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে মুখ্যমন্ত্রীর আজকের বৈঠককে নাটক হিসেবে দাবী করে বলেছেন, তিনি আদালতের ঘাড়ে সব দোষ চাপানোর চেষ্টা করছেন।

(বাইট – অধীর)

সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সূজন চক্রবর্তীও বলেছেন, যোগ্য –অযোগ্য হিসেবে চিহ্নিত করে সরকার কার্যত অযোগ্যদের চাকরি দেওয়া হয়েছিল, সেই কথা স্বীকার করে নিয়েছে।

(বাইট – সূজন)

এদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেছেন, সিপিআইএম-বিজেপি-র গভীর চক্রান্তের ফলে প্রায় ২৬ হাজার শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মীর চাকরি চলে গেল। মুখ্যমন্ত্রী তাদের পাশে থেকে লড়াই চালাবেন। এই চক্রান্তের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেসের ছাত্র-যুব সংগঠন দলের রাজ্য সভাপতি সুব্রত বক্সির নেতৃত্বে আগামী বুধবার ৯-ই এপ্রিল বিকেলে কলেজ স্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত এক প্রতিবাদ মিছিলে সামিল হবে। এছাড়া জেলা ও ব্লকস্তরেও প্রতিবাদ কর্মসূচী পালন করা হবে।

oooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি স্বেচ্ছায় কাজ করার প্রস্তাব দিলেও তা নিয়ে অসন্তুষ্ট চাকরি হারানো শিক্ষক-শিক্ষিকারা। সরকার কিভাবে তাদের বেতন দেবে সেই প্রশ্ন তুলেছেন তাঁরা। আজ নেতাজি ইন্ডোর স্টেডিয়ামের বৈঠকের পর যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চের আহ্বায়ক মেহবুব মন্ডল বলেন, তাঁরা স্কুলে যেতে তৈরি। কিন্তু সেটা স্থায়ী নয়। কারণ গোটা বিষয়টি আদালতের বিবেচনাধীন। মুখ্যমন্ত্রীর প্রস্তাব নিয়ে প্রশ্ন তুলে মেহবুব বলেন, তাঁদের পদের নাম সহকারী শিক্ষক। সেখানে ভলেন্টিয়ারি সার্ভিস হিসেবে কাজের প্রস্তাবে তাঁরা কোনওভাবেই সন্তুষ্ট নন।

ooooooooooooooooooooo

মধ্যশিক্ষা পর্ষদ প্রায় ২৬ হাজার চাকরি বাতিলের নির্দেশ পুনর্বিবেচনা করার আর্জি জানিয়েছে শীর্ষ আদালতে ।

গত ৩ এপ্রিলের সুপ্রিম কোর্টের  নির্দেশে রাজ্যের শিক্ষা ব্যাবস্থা ভেঙে পড়বে বলে এই আবেদনে আশঙ্কা প্রকাশ করা হয়েছে। কারন রাজ্যের বহু স্কুলের একাধিক শিক্ষকের চাকরি চলে গেছে। ফলে এই শিক্ষাবর্ষে পঠন পাঠনের ক্ষেত্রে ব্যাপক সমস্যায় পড়বে স্কুল গুলি। তাই যারা এখনো যোগ্য হিসাবে বিবেচিত তাদের  অন্তত এই শিক্ষাবর্ষ বা নতুন নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন না হওয়া পর্যন্ত চাকরিতে বহাল রাখার আর্জি জানানো হয়েছে ঐ আবেদনে।

oooooooooooooooooo

সুপ্রিম কোর্টের রায়ে এসএসসি নিয়োগ বাতিলের আবহেই  আগামীকাল রাজ্য মন্ত্রিসভা বৈঠকে বসতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্য  নবান্নে এই বৈঠকে উপস্থিত থাকার জন্য মন্ত্রিসভার সব সদস্যকে নির্দেশ দেওয়া হয়েছে।

এস এস সি নিয়ে সুপ্রিম কোর্টের রায়ের ফলে উদ্ভূত পরিস্থিতি নিয়ে আলোচনা ছাড়াও বৈঠকে বেশ কিছু দপ্তরে শূন্য পদে নিয়োগ সংক্রান্ত প্রস্তাব গ্রহণ করা হতে পারে  বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

ooooooooooooooooo

প্রাথমিকে ৩২ হাজার চাকরি বাতিল সংক্রান্ত মামলা ব্যাক্তিগত কারনে  শুনবেন না বিচারপতি সৌমেন সেন ও বিচারপতি স্মিতা দাস দের ডিভিশন বেঞ্চ। ডিভিশন বেঞ্চ আজ মামলাটি না শুনে ছেড়ে  দিয়েছে। মামলা এখন প্রধান বিচারপতির কাছে যাবে।তিনিই ঠিক করবেন নতুন কোন বেঞ্চে হবে এই মামলার শুনানি।

উল্লেখ্য গত বছর  ১২ মে কলকাতা হাইকোর্টের প্রাক্তন  বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় ৩২ হাজার কর্মরত প্রাথমিক শিক্ষককে চাকরি থেকে বরখাস্ত করার নির্দেশ দিয়েছিলেন। কিন্তু সেই নির্দেশের বিরুদ্ধে বিচারপতি সুব্রত তালুকদার ও বিচারপতি সুপ্রতীম ভট্টাচার্য র ডিভিশন বেঞ্চ স্থগিতাদেশ জারি করেছিলেন।

২০১৪ সালের  টেট পরীক্ষার ভিত্তিতে ২০১৬ সালে প্রায় ৪২৯৪২ জন শিক্ষক নিয়োগ করেছিল প্রাথমিক শিক্ষা পর্ষদ। কিন্তু নিয়োগে একাধিক গলদ রয়েছে দাবি করে হাইকোর্টের দ্বারস্থ হন সুপর্ণা  নস্কর নামে এক প্রার্থী সহ প্রায় ১৪০ জন।সেই মামলাতেই প্রাক্তন  বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় চাকরি বাতিলের নির্দেশ দিয়েছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০

পুরুলিয়ার মানবাজার ২ নং ব্লকের দিঘি অঞ্চলের তামাখুন গ্রামে প্রাথমিক বিদ্যালয়ের এক পার্শ্ব শিক্ষকের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে।

উত্তম কুমার হেমব্রম নামে ওই শিক্ষক গতরাতে অসুস্থ বোধ করলে পরিবারের লোকজন তাঁকে স্থানীয় বসন্তপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি করেন । আজ সকালে শারীরিক অবস্থার অবনতি হলে মানবাজার ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া হলে তাঁকে মৃত ঘোষণা করা হয়। দেহটি ময়নাতদন্তে পাঠানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

বাড়িতে ব্যবহৃত রান্নার গ্যাসের দাম সিলিন্ডার পিছু ৫০ টাকা করে বাড়তে চলেছে। আজ মধ্য রাত থেকে এই বর্ধিত মূল্য কার্যকর হবে।

তেল ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরী আজ নতুন দিল্লিতে একথা ঘোষণা করেন। তিনি বলেন, উজ্জ্বলা যোজনার সুবিধাভোগীদের এখন থেকে সিলিন্ডার পিছু সাড়ে ৫০০ টাকা এবং অন্যদের ৮৫৩ টাকা দিতে হবে।

পশ্চিমবঙ্গে ১৪ কেজি ২-শো গ্রাম ওজনের সিলিন্ডার পিছু দাম ৮২৯ টাকা থেকে বেড়ে হচ্ছে ৮৭৯ টাকা।

উল্লেখ্য, হরদীপ সিং পুরী পেট্রোল ও ডিজেলের ওপর উৎপাদন শুল্ক ২ টাকা করে বাড়ানোর কথাও ঘোষণা করেন। তবে, পেট্রোলিয়ামজাত পণ্যের খুচরো মূল্যের ওপর কোন প্রভাব পড়বে না বলেও শ্রী পুরী জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০

আজ বিশ্ব স্বাস্থ্য দিবস। এই উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। নদীয়ার কুপার্স ক্যাম্পে এর অঙ্গ হিসেবে বিনামূল্যে স্বাস্থ্য শিবির এর আয়োজন করা হয়। ২০০র বেশি মানুষজনকে রক্ত পরীক্ষা ও দাঁতের চেকআপ সহ অন্যান্য পরিষেবা দেওয়া হয়.।১১ জন বিশেষ চাহিদা সম্পন্ন মানুষকে সহায়ক যন্ত্র প্রদান করা হয়েছে। ৪টি হিয়ারিং এইড, ৪টি ট্রাই সাইকেল, ৩টি হুইল চেয়ার। উপস্থিত ছিলেন বিধায়ক, ডঃ মুকুটমণি অধিকারী, জেলাশাসক,এস অরুণপ্রসাদ আইএএস প্রমুখ।

০০০০০০০০০০০০০০০০০০০

বিশ্ব স্বাস্থ্য দিবস উপলক্ষ্যে ইস্টবেঙ্গল ক্লাব তাঁবুতে আজ এক স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়।অ্যাসোসিয়েশন অফ ফিজিসিয়ান অফ ইন্ডিয়া ওয়েস্ট বেঙ্গল চ্যাপটারের ব্যবস্থাপনায় এই শিবিরে ক্লাবের ফুটবলার, ক্রিকেটার, প্রাক্তন ফুটবলার ও কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা হয় । প্রাক্তন ফুটবলার মনোরঞ্জন ভট্টাচার্য, বিকাশ পাঁজি, অ্যালভিটো ডি কুনহা, ফাল্গুনী দত্ত প্রমুখ শিবিরে উপস্থিত ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলের ফিরতি সেমিফাইনালে মোহনবাগান সুপার জায়ান্ট, জামশেদপুর এফ সি, র মুখোমুখি হয়েছে । একটু আগে পাওয়া খবরে জানা গেছে খেলা গোলশূন্য।

উল্লেখ্য, জে আর ডি টাটা স্পোর্টস কমপ্লেক্সে প্রথম পর্বের সেমিফাইনালে মোহনবাগান ১-২ গোলে পরাজিত হয়েছিল।

এবারের আইএসএলে লিগ - শিল্ড জয়ী মোহনবাগানকে টানা তৃতীয় বার ফাইনালে পৌঁছতে হলে অন্তত দু গোলের ব্যাবধানে আজ জিততে হবে।

০০০০০০০০০০০০০০০০০০

স্পটলাইট অনুষ্ঠানে এবার শুনবেন ওয়াকফ সংশোধনী বিল নিয়ে বিশেষ আলোচনা। অতিথি হিসেবে থাকছেন প্রবীণ সাংবাদিক মোহাম্মদ আমানুল্লা এবং আইনজীবী দেবজিত সরকার। সঞ্চালনায় সন্দীপন দাশগুপ্ত। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির প্রথম পর্ব শুনবেন আগামীকাল সঞ্চয়িতায় রাত সাড়ে আটটায়। দ্বিতীয় পর্ব আগামী বৃহস্পতিবার। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সোশ্যাল মিডিয়াতেও এটি পরে শোনা যাবে।

০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০